# 5266 - যে ব্যক্তি ঈদগাহে ঈদের নামায পড়তে এসেছে তার জন্যে কি তাহিয়্যাতুল মাসজিদের দুই রাকাত নামায পড়া জায়েয আছে

## প্রশ্ন

রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত আছে যে, তিনি দুই ঈদের নামায বাহিরে ঈদগাহে পড়তেন। তাঁর সাথে নর-নারী সবাই ঈদগাহে আসত। তাঁর পরবর্তীতে সাহাবায়ে কেরামও বাহিরে এসে ঈদের নামায পড়েছেন। যে ব্যক্তি ঈদগাহে ঈদের নামায পড়তে এসেছে তার জন্যে কি দুই রাকাত তাহিয়্যাতুল মাসজিদ পড়া জায়েয হবে; নাকি হবে না?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যে ব্যক্তি ঈদের নামায আদায় করার জন্য ঈদগাহে এসেছেন তিনি বসার আগে দুই রাকাত তাহিয়্যাতুল মাসজিদের নামায পড়বেন না। কেননা ঈদগাহে তাহিয়্যাতুল মাসজিদ আদায় করা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আমল ও তাঁর সাহাবায়ে কেরামের আমলের বিপরীত।

আল্লাহ্‌ই তাওফিকদাতা। আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তাঁর পরিবার-পরিজন ও তাঁর সাথীবর্গের উপর আল্লাহ্‌র রহমত ও শান্তি বর্ষিত হোক।